

📖 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

২.৬ সালাতের আহকাম-আরকান প্রথমতঃ সালাতের আহকাম বা শর্তসমূহ - ১৯. সালাতের আহকাম কয়টি ও কী কী?

আহকাম শব্দটি বহুবচন, একবচনে হুকুম। এগুলো হলো সালাতের বাইরের ফরয সালাতের শর্তসমূহকে আহকাম বা আরকান বলা হয়ে থাকে। সালাতের আহকাম সাতটি

১. শরীর পাক (অর্থাৎ সালাতের আগে ওয়ু করে পবিত্র হতে হবে, আর গোসল ফরয হলে আগে গোসল করে নিতে হবে),

২. পোশাক পাক,

৩. জায়গা পাক,

৪. সময় হওয়া,

৫. সতর ঢাকা,

৬. কিবলামুখী হওয়া,

৭. নিয়ত করা।

অপরদিকে সালাত ফরয হওয়ার জন্য বিজ্ঞ ফকীহগণ আরও ৩টি শর্ত যোগ করেছেন। আর তা হলো- (ক)

ইসলাম গ্রহণ (খ) হুঁশ-জ্ঞান থাকা ও (গ) প্রাপ্তবয়স্ক হওয়া।

দলীল: (এক) বুখারী: ১৩৫, ইফা ১৩৭, আধুনিক: ১৩২, (দুই) আবু দাউদ ৩৭৮-৩৭৯, (তিন) বুখারী: ২২০, ইফা ২২০, আধুনিক ২১৪, (চার) সূরা নিসা: ১০৩, (পাঁচ) সূরা আ'রাফ: ৩১, আহমদ: ২/১৮৭, (ছয়) সূরা বাকারা ১৪৪, মুসলিম: ৩৯৭, (সাত) বুখারী: ১। উপরে বর্ণিত যেকোন একটা হুকুম বা শর্ত জেনে-শুনে বাদ দিলে সালাত আদায় হবে না। তবে ভুলে কোনটা বাদ গেলে সালাত আদায় হয়ে যাবে।

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=12903>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন